গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
(www.dam.gov.bd)

নথি নং- ১২.০২.০০০০.০১৬.০৬.০০৪.১২-১৫৯ তারিখঃ ০১/০৮/২০১৬ খ্রিঃ।

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের জুলাই, ২০১৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ ।**

উপর্যুক্ত বিষয়ে কৃষি বিপণন অধিদপ্তর, সদর দপ্তরে অনুষ্ঠিত জুলাই, ২০১৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নির্দেশক্রমে নিম্নরুপ কার্য ব্যবস্থার অনুরোধসহ এতদসংগে প্রেরণ করা হলো ।

১. **কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ১১ আগস্ট, ২০১৬ তারিখের মধ্যে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন** প্রেরণ নিশ্চিত করবেন ; যাতে পরবর্তী সমন্বয় সভার কার্যপত্রে সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উল্লেখ করা যায়।

২. **আগস্ট,** ২০১৬ মাসের সমন্বয় সভার **কার্যপত্রে অন্তর্ভুক্তির জন্য বিশেষ কোন আলোচ্য সূচীর প্রস্তাব থাকলে সংশ্লিষ্ট সকলকে তা আগামী ১১ আগস্ট, ২০১৬** তারিখের মধ্যে আরইটিসি শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো

সংযুক্তিঃ বর্ণনামতে।

স্বাক্ষরিত/-

(মোঃ মজিবর রহমান)
সহকারী পরিচালক
ফোনঃ ৯১১০২৬০।

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

-----------------------------------------------------------
-----------------------------------------------------------
-----------------------------------------------------------

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

## কৃষি বিপণন অধিদপ্তরের জুলাই, ২০১৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ মাহবুব আহমেদ
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।
তারিখ : ২৬ জুলাই, ২০১৬ খ্রিঃ।
সময় : সকাল ১০:০০ ঘটিকা
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'খ'-তে দেখানো হলো ।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় শাখা ভিত্তিক | সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| ১ | গত ২৯/০৬/২০১৬ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ। | গত ২৯/০৬/২০১৬ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোন সংশোধনী না থাকায় নিশ্চিতকরণের প্রস্তাব করা হয়।<br>**সিদ্ধান্ত-১**: ২৯/০৬/২০১৬ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | **বাস্তবায়নঃ**<br>প্রশিক্ষণ ও সমন্বয় শাখা। |
| ২ | বাজার দর পর্যালোচনাঃ | **আলোচনাঃ** উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান) বাজার মূল্য পরিস্থিতি নিয়ে বর্তমান মাসে, গত মাসে, গত বছরের একই সময়ে বাজার পরিস্থিতি কি ছিল তৎসম্পর্কিত একটি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন (পরিশিস্ট-'ক')। ঢাকা মহানগরী, ঢাকা/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট বিভাগের বাজার দর পর্যালোচনা প্রতিবেদন নিয়ে সভায় আলোচনা হয়। বিস্তারিত আলোচনা পূর্বক সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন। | |
| | | **সিদ্ধান্ত-১**: বাজারদর পর্যালোচনায় যেসকল বিভাগে পণ্যের দাম বেশী পরিলক্ষিত হয়েছে উক্ত বিভাগসমূহের সাথে যেসকল বিভাগ/জেলাতে পণ্যের দাম কম সেকল বিভাগ/জেলার ব্যবসায়ীদের সাথে লিংকেজ স্থাপণের মাধ্যমে বিপণন সেবা প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ব্যবস্থা গ্রহণ করবেন। | উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)।<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| | | **সিদ্ধান্ত-২**: খুলনা এবং রাজশাহীর ডিএমও জুলাই/২০১৬ মাসে যথাক্রমে আদা ও বেগুনের দাম অন্যান্য জেলার চেয়ে মাত্রাতিরিক্ত বেশীর কারণ অনুসন্ধান করবেন এবং যেসকল জেলায় দাম কম রয়েছে সেসকল জেলার সাথে লিংকেজ স্থাপনের মাধ্যমে মূল্য যৌক্তিক পর্যায়ে নামিয়ে আনার উদ্যোগ গ্রহণ করবেন। ভবিষ্যতে কোন জেলায় পণ্যের দাম বৃদ্ধি পেলে অন্য জেলার সাথে লিংকেজ স্থাপন করতে হবে এবং বৃদ্ধির কারণ উল্লেখ পূর্বক মহাপরিচালক বরাবর প্রতিবেদন প্রেরণ | উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)।<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)।<br>ডিএমও/ডিএমআই (সকল)। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় শাখা ভিত্তিক | সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| ৩ | | অব্যাহত রাখতে হবে। | |
| | ৩.১: বাজার তথ্য ও পরিসংখ্যান শাখাঃ | **আলোচনাঃ** উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান) সভায় বলেন, বাজারে মূল্য প্রদর্শনী বোর্ড স্থাপণ ও নিয়মিতভাবে লিখন/সংশোধন কার্যক্রম অব্যাহত আছে। বাজার তথ্য ও পরিসংখ্যান শাখার উপর আলোচনান্তে সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন। | |
| | | **সিদ্ধান্ত-১**: সিটি কর্পোরেশন কর্তৃক স্থাপিত বোর্ডসমূহে কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সংগৃহীত ও নির্দ্ধারিত যৌক্তিক মূল্য লিখনের বিষয়ে সিটি কর্পোরেশনের সাথে যোগাযোগ পূর্বক বোর্ডে মূল্য লিখনের বিষয়টি নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)। ঢাকা বিভাগীয় উপ-পরিচালক। |
| | | **সিদ্ধান্ত-২**: সুপারসপসহ বাজারে স্থাপিত বোর্ডসমুহে যৌক্তিক মূল্য প্রর্দশনের লক্ষ্যে সুপারসপ, বাজার ব্যবস্থাপনা কমিটি ও সিটি কর্পোরেশনের সংশ্লিষ্টদের ই-মেইল নম্বর সংগ্রহ করে প্রতিদিন যৌক্তিক মূল্য ই-মেইলে প্রেরণের ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)। |
| | ৩.২: জেলা পর্যায়ে কৃষিপণ্যের খুচরা বাজারমূল্য সহনীয় পর্যায়ে রাখা | **আলোচনাঃ** সভায় জানানো হয়, জেলা পর্যায় থেকে যৌক্তিক মূল্যের বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন পাওয়া যাচ্ছে। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় জেলা পর্যায়ের বাজারগুলোতে যৌক্তিকমূল্যের মধ্যেই পণ্য ক্রয়-বিক্রয় হচ্ছে। বাজার পরিদর্শনকারীগণ প্রতিদিন যৌক্তিক মূল্যের প্রতিবেদন সমিতির অফিসে জমা দিচ্ছে এবং এ সংক্রান্ত প্রতিবেদন মাসিক ভিত্তিতে মহাপরিচালক বরাবর দাখিল করা হচ্ছে। ০৪টি বাজার মনিটরিং টিমের সদস্যগণ যৌক্তিকমূল্য বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন মহাপরিচালক বরাবর দাখিল অব্যাহত রেখেছেন। বিস্তারিত আলোচনা পূর্বক সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন। | |
| | | **সিদ্ধান্ত-১**: যৌক্তিক মূল্যে ক্রয়-বিক্রয় সংক্রান্ত কার্যক্রম পরিচালনায় গৃহীত পদক্ষেপ ও এতদসংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন মাসিক ভিত্তিতে মহাপরিচালক বরাবর প্রেরণ অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)। মার্কেট মনিটরিং এর জন্য গঠিত কমিটির সকল কর্মকর্তা। |
| | | **সিদ্ধান্ত-২**: ডিএমও/ডিএমআইগণ যৌক্তিক মূল্যে পণ্যসামগ্রী বিক্রয়ের লক্ষ্যে বাজার সমিতিসমূহের সাথে সভা করে ব্যবসায়ীদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান অব্যাহত রাখবেন। | উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| | | **সিদ্ধান্ত-৩**: যৌক্তিক মূল্যের বিষয়টি জেলা প্রশাসকের সমন্বয় সভায় উপস্থাপন ও সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করতে হবে। | উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| | | **সিদ্ধান্ত-৪**: দৈনিক বাজার দরের বিবরণ এফএম রেডিও ও টিভি চ্যানেলগুলোতে প্রচারের লক্ষ্যে সংশ্লিষ্টদের পূণরায় তাগিদ পত্র প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় শাখা ভিত্তিক | সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত-৫**: Pesticide/Herbicide/Formaline/Carbaide-ইত্যাদির ক্ষতিকর দিক তুলে ধরে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ডিএমও/ডিএমআইগণ-দের মাধ্যমে জেলা পর্যায়ে বাজার ও ওয়ার হাউজ অর্ডিন্যান্স অনুযায়ী গুদাম তদারকি করণের লক্ষ্যে বিভাগীয় উপ-পরিচালকগণ ব্যবস্থা গ্রহণ করবেন এবং এ বিষয়ে প্রত্যেক মাসের ০৫ তারিখের মধ্যে সদর দপ্তরে প্রতিবেদন প্রেরণ করবেন। | উপ-পরিচালক ( বাজার তথ্য)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। ডিএমও/ডিএমআই (সকল)। |
| | | **সিদ্ধান্ত-৬**: যথাশ্রীঘ্র সম্ভব বিভিন্ন মিডিয়ার কর্মকর্তাদের আমন্ত্রণ জানিয়ে একটি মতবিনিময় সভার আয়োজন করতে হবে। | উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)। |
| | | **সিদ্ধান্ত-৭**: ০৪টি বাজার মনিটরিং টিমের সদস্যগণ যৌক্তিকমূল্য বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন মহাপরিচালক বরাবর দাখিল অব্যাহত রাখবেন এবং ভবিষ্যতে বাজার মনিটরিং করার পূর্বে বিভাগীয় উপ-পরিচালক, ঢাকা-কে অবহিত করতে হবে। মাঝে-মাঝে অধিদপ্তরের জ্যৈষ্ঠ কর্মকর্তাগণ মনিটরিং টিমের সাথে বাজার পরিদর্শন করবেন। সদর দপ্তর হতে মনিটরিং টিম-কে যানবাহনের সুবিধা প্রদান করতে হবে। | উপ-পরিচালক ( বাজার তথ্য)। বিভাগীয় উপ-পরিচালক, ঢাকা। |
| | ৩.৩: দেশে ক্রমবর্ধমান উৎপাদিত সবজি প্রক্রিয়াকরণ পূর্বক বাজারজাতকরণের বিষয়ে কার্যকরী উদ্যোগ গ্রহণ। | **আলোচনাঃ** সভায় জানানো হয়, কৃষি বিপণন অধিদপ্তরের ম্যানডেটভূক্ত কাজ হিসেবে স্থানীয় কৃষক গ্রুপের সদস্যদের সম্পৃক্ত করে তাদের উৎপাদিত সবজি প্রক্রিয়াজাতকরণ পূর্বক উপযুক্ত প্যাকেজিং-এর মাধ্যমে স্থানীয় বাজারে বাজারজাতকরণে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগীতা প্রদান করার ক্ষেত্রে কার্যকরী উদ্যোগ গ্রহণের লক্ষ্যে ইতোমধ্যে মহাপরিচালক মহোদয় বরাবর একটি প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। বিস্তারিত আলোচনাপূর্বক সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন। | |
| | | **সিদ্ধান্ত-১**: দেশে ক্রমবর্ধমান উৎপাদিত সবজি প্রক্রিয়াজাতকরণ পূর্বক উপর্যুক্ত প্যাকিজিং-এর মাধ্যমে বাজারজাতকরণ বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং উক্ত বিষয়ে প্রস্তাবিত গাইড লাইনটি চূড়ান্ত করে পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| ৪ | গবেষণা শাখা | **আলোচনাঃ** প্রধান (গবেষণা ও উন্নয়ন) সভায় জানান, Market Situation-অনুযায়ী প্রধান প্রধান পণ্যের Analytical Report, Cost of Production, Price Spread, Price Projection, Supply Chain Development, Market Linkage-ইত্যাদি বিষয়ে কিছু কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং যথাযথ ব্যবস্থা নেয়া হয়েছে। গবেষণা শাখার কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনার পর সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন। | |
| | | **সিদ্ধান্ত-১**: প্রধান প্রধান পণ্যের Analytical Report, Cost of Production, Price Spread, Price Projection, | প্রধান (গবেষণা ও উন্নয়ন) |

**পণ্যের গ্রেডিং মূল্য বৃদ্ধি ও বিপণনে সহায়ক**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় শাখা ভিত্তিক | সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| | | Supply Chain Development, Market Linkage- ইত্যাদি কার্যাদি সম্পন্ন না হওয়ায় পূর্ব সিদ্ধান্তানুযায়ী সংশ্লিষ্টদের কারণ দর্শানোসহ অগ্রগতি প্রতিবেদন মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে। | |
| | | **সিদ্ধান্ত-২**: নির্ধারিত ১০টি কৃষিপণ্যের মোট চাহিদা ও যোগানের পরিমাণ (Crop Demand) নির্ণয়ের লক্ষ্যে উদ্ভাবিত পদ্ধতি অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করে মহাপরিচালক বরাবর প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, ঢাকা। |
| | | **সিদ্ধান্ত-৩**: নির্দেশনানুযায়ী লেকচারসিট প্রস্তুত পূর্বক ফুল শিল্পে সহায়তা প্রদানের লক্ষ্যে ফুল ও ফুলের সাথে সংশ্লিষ্ট উৎপাদনক ও ব্যবসায়ীদের তথ্যাদি সংগ্রহ করে একটি প্রশিক্ষণ মডিউল প্রস্তুত করে ২০১৬-২০১৭ অর্থবছরে ১ম কোয়াটারে উৎপাদনক ও ব্যবসায়ীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি)। বেগম নাসরিন সুলতানা সহকারী পরিচালক। |
| | | **সিদ্ধান্ত-৪**: কৃষিপণ্যের সরবরাহ চেন সমূন্নত রাখাসহ ফরওয়ার্ড লিংকেজ স্থাপনের মাধ্যমে বাজার পরিস্থিতি উন্নত করণের লক্ষ্যে ডিএমও/ডিএমআইগণদের মাধ্যমে বিভাগীয় উপ-পরিচালকগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে অধিদপ্তরকে অবহিত করবেন। | প্রধান (গবেষণা ও উন্নয়ন)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। ডিএমও/ডিএমআই (সকল)। |
| ৫ | আরইটিসি শাখা | **আলোচনাঃ** উপ-পরিচালক (আরইটিসি) সভায় জানান, প্রজ্ঞাপিত বাজারের ২৬টি প্রস্তাব পাওয়া গেছে। ৫০টি প্রস্তাব প্রাপ্তি স্বাপেক্ষে প্রাপ্ত তথ্য compile করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। Non-Tax-রেভিনিউ বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিস্তারিত আলোচনান্তে সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন। | |
| | | **সিদ্ধান্ত-১**: বিভাগীয় উপ-পরিচালকগণ প্রজ্ঞাপিত বাজারের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে প্রত্যেক জেলা হতে প্রজ্ঞাপিত বাজার করার উপযুক্ত বাজারের প্রস্তাব সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সুপারিশসহ প্রেরণের বিষয়ে কার্যক্রম গ্রহণ অব্যাহত রাখবেন। | উপ-পরিচালক (আরইটিসি)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| | | **সিদ্ধান্ত-২**: যে সমস্ত প্রজ্ঞাপিত বাজার ইতোমধ্যে নদীগর্ভে বিলীন হয়েছে বা বাজার নাই এমন বাজারের তালিকা প্রস্তুত করে বিলুপ্তির জন্য বাজার উপদেষ্টা কমিটির সুপারিশসহ সদর দপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| | | **সিদ্ধান্ত-৩**: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ২০১৬-২০১৭ অর্থবছরের লক্ষ্যমাত্রা ১.২৫ কোটি টাকা ঘon-Tax রেভিনিউ আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্ট উপ-পরিচালক (সকল) লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপ-পরিচালক (আরইটিসি)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| | | **সিদ্ধান্ত-৪**: মোরগ-মুরগী ও ইলিশ মাছ ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে মেট্রিক পদ্ধতি বাস্তবায়নের লক্ষ্যে বাজার মনিটরিং টিমের সদস্যগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপ-পরিচালক (বাজার তথ্য)। উপ-পরিচালক (আরইটিসি)। বাজার মনিটরিং টিমে সদস্য (সকল) |

**পণ্যের গ্রেডিং মূল্য বৃদ্ধি ও বিপণনে সহায়ক**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় শাখা ভিত্তিক | সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত-৫**: ঢাকাসহ জেলার বড় বড় বাজারসমুহে শাক-সবজি কেনাবেচায় মাছ বাজারে প্রচলিত নিলাম অনুসরণ পূর্বক নিলাম প্রক্রিয়া চালুকরণের বিষয়ে সংশ্লিষ্ট বাজার সমিতির সাথে আলোচনা ও ডিএমও/ডিএমআইগণদেরমতামতের ভিত্তিতে একটি গাইড লাইন তৈরীর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)। ডিএমও/ডিএমআই (সকল)। |
| | | **সিদ্ধান্ত-৬**: প্রতিমাসে জেলা পর্যায়ে পরিচালিত মোবাইল কোর্টের তথ্যাদি সদর দপ্তরে প্রেরণ করবেন এবং তার তথ্যাদি ওয়েব-সাইটে প্রকাশ করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। ডিএমও/ডিএমআই (সকল)। আইসিটি সেল। |
| | | **সিদ্ধান্ত-৭**: জেলা ও বাজার ভিত্তিক কৃষিপণ্য ফড়িয়া ব্যবসায়ীদের তথ্য সংগ্রহ পূর্বক সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| ৬ | নীতি ও পরিকল্পনা শাখা | **আলোচনাঃ** উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) সভায় জানান, প্রস্তাবিত কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ, বাজার সংযোগ ও মূল্য সংযোজন সহায়ক শীর্ষক প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি'র রিপোর্ট পাওয়ার পর পিপিতে অন্তর্ভূক্ত উপজেলাসমূহ অন্তর্ভূক্ত করে ডিপিপি পূর্ণগঠন করা হবে। এ বিষয়ে মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী জরুরী ব্যবস্থা গ্রহণ করা হবে। ২০১৬-২০১৭ অর্থ বছরে এডিপি'র সবুজ পাতায় অন্তর্ভূক্ত করার জন্য অধিদপ্তর কর্তৃক ০৩টি প্রকল্পের সার-সংক্ষেপ ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে যা APSU কর্তৃক সুপারিশকৃত। নীতি ও পরিকল্পনা শাখার কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন। | |
| | | **সিদ্ধান্ত-১**: ইতোপূর্বে গঠিত কমিটিকে অনুরোধ করে দ্রুত ফিজিবিলিটি স্টাডির রিপোর্ট সংগ্রহ করে তদানুযায়ী আগামী ১ মাসের মধ্যে ডিপিপি প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা)। |
| | | **সিদ্ধান্ত-২**: সবুজ পাতায় অন্তর্ভূক্তির লক্ষ্যে APSU কর্তৃক নির্বাচিত প্রাথমিক প্রকল্পের তালিকা থেকে পর্যায়ক্রমে DPP- প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নীতি ও পরিকল্পনা শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা)। |
| ৭ | শস্য গুদাম ঋণ কার্যক্রম | **আলোচনাঃ** উপ-পরিচালক (শগঋক) সভায় জানান, ইতোমধ্যে বন্ধ ৩৫টি গুদামের মধ্যে ১৩টি গুদামের প্রতিবেদন পাওয়া গিয়েছে, বাকী ২২টি গুদামের তথ্যাদি প্রাপ্তির পর মহাপরিচালক মহোদয় বরাবর প্রতিবেদন উপস্থাপন করা হবে। উল্লেখ্য রংপুর হতে ১৯টি ও মাগুড়া অঞ্চল হতে ৩টি গুদামের পরিস্থিতির প্রতিবেদন পাওয়া যায়নি। শস্য গুদাম ঋণ কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন। | |
| | | **সিদ্ধান্ত-১**: শস্য গুদাম কার্যক্রমের সার্বিক অবস্থা সম্পর্কে তথ্যাদি সংগ্রহ পূর্বক আগামী সভার পূর্বেই বুলেট আকারে Situation Report চূড়ান্ত করে | উপ-পরিচালক (শগঋক)। উপ-পরিচালক, ঢাকা/রাজশাহী/খুলনা। |

**পণ্যের গ্রেডিং মূল্য বৃদ্ধি ও বিপণনে সহায়ক**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় শাখা ভিত্তিক | সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| | | মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে। | |
| | | **সিদ্ধান্ত-২**: গুদাম রক্ষকদের ভুয়া চিঠির বিষয়ে সকলকে অবহিত পূর্বক শস্য গুদাম কার্যক্রম সচল রাখার লক্ষ্যে নির্দেশনা প্রদান করে পত্র প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (শগঋক)। প্রশাসন শাখা। |
| | | **সিদ্ধান্ত-৩**: আগামী ১ মাসের মধ্যে মাগুরা জেলা মার্কেটিং অফিস শগঋক'র আঞ্চলিক কার্যালয় মাগুরায় স্থানান্তর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (খুলনা)। আঞ্চলিক ব্যবস্থাপক, মাগুরা। |
| ৮ | অনিষ্পন্ন বিষয়াদির তালিকা, অডিট আপত্তি এবং পেনশন সংক্রান্ত তথ্য উপস্থাপন | **আলোচনাঃ** সভায় জানানো হয়, প্রশাসন শাখায় বেতন সমতাকরণ এবং টেলিফোন বিল সংক্রান্ত ১৭টি পত্র অনিস্পন্ন রয়েছে। কৃষি বিপণন অধিদপ্তরে রাজস্ব খাতে ১৯টি অডিট আপত্তি রয়েছে। ইতোমধ্যে ১৯টি অডিট আপত্তির ব্রডশীট জবাব দেয়া হয়েছে। সভাপতি মহোদয় যে সকল শাখায় অনিষ্পন্ন বিষয়াদি রয়েছে তা দুত নিষ্পন্ন ও আগামী সভায় এ বিষয়ে প্রতিবেদন উপস্থাপণ এবং অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান পূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন। | |
| | | **সিদ্ধান্ত-১**: কৃষি বিপণন অধিদপ্তরের যেসব শাখায় অনিস্পন্ন বিষয়াদি রয়েছে তা দুত নিস্পন্ন করে প্রত্যেক মাসের ০৫ তারিখের মধ্যে প্রত্যেক শাখা প্রধানকে এ বিষয়ে মহাপরিচালক বরাবর প্রতিবেদন প্রেরণ করতে হবে। | প্রশাসন শাখা। প্রশিক্ষণ ও সমন্বয় শাখা। |
| | | **সিদ্ধান্ত-২**: কৃষি বিপণন অধিদপ্তরের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রণালয়ের নির্দেশনানুযায়ী দ্বি-পক্ষীয় সভার আয়োজন করতে হবে। | হিসাব শাখা। |
| | | **সিদ্ধান্ত-৩**: অভ্যন্তরীণ অডিট পরিবীক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ জেলা অফিস অডিটের সময় ডিএমও/ডিএমআইগণকে হাতে কলমে অডিট বিষয়ে প্রশিক্ষণ প্রদান করবেন। | অভ্যন্তরীণ অডিট পরিবীক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল)। |
| ৯ | ICT শাখা | **আলোচনাঃ** সভায় জানানো হয়, যে সকল জেলা হতে টিটিইউ'র তথ্য আসছে না, সে সকল জেলার কম্পিউটারসমূহ আপডেট করে তথ্য প্রাপ্তির বিষয়টি নিশ্চিতকরণের বিষয়ে আইসিটি শাখার কার্যক্রম অব্যাহত আছে। ICT শাখার কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনার পর সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন। | |
| | | **সিদ্ধান্ত-১**: যে সকল জেলা হতে টিটিইউ'র তথ্য আসছে না, সে সকল জেলার কম্পিউটারসমুহ আপডেট করে তথ্য প্রাপ্তির বিষয়টি নিশ্চিতকরণের বিষয়ে আইসিটি শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখবে। | প্রশাসন শাখা। আইসিটি শাখা। |
| | | **সিদ্ধান্ত-২**: প্রত্যেক জেলা হতে তথ্য আদান-প্রদানে গতিশীলতা আনায়নের লক্ষ্যে জিপি মডেম ব্যবহারের নির্দেশনা দিয়ে পত্র প্রেরণ করতে হবে। | প্রশাসন শাখা। আইসিটি শাখা। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় শাখা ভিত্তিক | সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত-৩**: যে সকল জেলা হতে তথ্য আসছে না, সে সকল জেলার ডিএমও/ডিএমআইগণকে সংশ্লিষ্ট বিভাগের উপ-পরিচালকগণ কারণ দর্শানোর নোটিশ প্রদান করবেন। | প্রশাসন শাখা।<br>আইসিটি শাখা। |
| ১০ | অফিসে সময়মত উপস্থিতি | **আলোচনাঃ** কৃষি বিপণন অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিত ও প্রস্থান বিষয়ে সভায় জানানো হয়, উপস্থিতি ও নির্গমণে হাজিরা খাতা ও মুভমেণ্ট রেজিষ্টার যথাযথভাবে তদারকিসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সভায় আলোচনান্তে সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন। | |
| | | **সিদ্ধান্ত-১**: কৃষি বিপণন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীরা প্রত্যেক দিন যথাসময়ে অফিসে উপস্থিত হচ্ছেন কিনা এ বিষয়ে শাখা প্রধানগণ দৈনিক হাজিরা খাতা তদারকি করবেন এবং তার অধীনস্থ সকল কর্মকর্তা/ কর্মচারীদের Movement পর্যবেক্ষণ কার্যক্রম অব্যহত রাখবেন। | সকল শাখা প্রধান ।<br>প্রশাসন শাখা। |
| ১১ | কৃষি বিপণন অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ে অকেজো অব্যবহৃত আসবাবপত্রের তালিকা প্রণয়ন । | **আলোচনাঃ** সভায় জানানো হয়, আসবাবপত্র ও কম্পিউটার ইনভেন্টরী- করণের লক্ষ্যে গঠিত কমিটি ইতোমধ্যেই কয়েকটি সভায় মিলিত হয়েছে। রাজশাহী বিভাগীয় কার্যালয় হতে ইতোমধ্যে Disposal-এর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন। | |
| | | **সিদ্ধান্ত-১**: পুরাতন, অব্যবহৃত ও অকেজো আসবাবপত্র এবং কম্পিউটারসহ অন্যান্য Electronic সামগ্রী Disposal-এর লক্ষ্যে গঠিত কমিটি জেলা পর্যায় হতে সর্বশেষ অবস্থা সম্বলিত প্রতিবেদন মহাপরিচালক বরাবর প্রেরণ করবেন। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)।<br>প্রশাসন শাখা। |
| ১২ | কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক-এর সাথে সকল বিভাগীয় উপ-পরিচালক এবং প্রকল্প/উপ-প্রকল্প পরিচালকদের মধ্যে বার্ষিক কর্ম সম্পাদন সমঝোতা স্মারক। | **আলোচনাঃ** সভায় জানানো হয়, ২৯-০৬-২০১৬ তারিখে মহাপরিচালক মহোদয়ের সাথে বিভাগীয় উপ-পরিচালক এবং প্রকল্প/কর্মসূচী পরিচালকগণের মধ্যে ২০১৬-১৭ অর্থ বছরের APA-চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বিস্তারিত আলোচনান্তে APA-চুক্তি বিষয়ে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | **সিদ্ধান্ত-১**: ২০১৬-২০১৭ অর্থবছরের APA-চুক্তি অনুযায়ী সকল বিভাগের উপ-পরিচালকগণ তাঁদের স্ব-স্ব সূচকের আলোকে নির্ধারিত সময়ের মধ্যে কার্যাদি সম্পন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। ২০১৫-২০১৬ অর্থবছরের স্বাক্ষরিত APA-চুক্তি অনুযায়ী মূল্যায়ন প্রতিবেদন দ্রুত সময়ের মধ্যে মহাপরিচালক বরাবর প্রেরণ করতে হবে। | APA বাস্তবায়ন কমিটি।<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় শাখা ভিত্তিক | সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত-২**: সদর দপ্তর/বিভাগীয় কার্যালয়সহ অন্যান্য কার্যালয়ে APA-চুক্তি অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিভাগীয় কার্যালয়সমূহে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের জন্য হিসাব রক্ষণ শাখা হতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | APA বাস্তবায়ন কমিটি। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| ১৩ | কৃষি বিপণন অধিদপ্তরে SDG বিষয়ে সচেতনতা, সম্যক ধারণা লাভ এবং বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন। | **আলোচনাঃ** গত ২৫ সেপ্টেম্বর, ২০১৫ জাতিসংঘের ৭০তম সাধারণ অধিবেশনে বাংলাদেশসহ ১৯৩টি সদস্যদেশ ২০১৫ পরবর্তী Sustainable Development Goals (SDGs) বা টেকসই উন্নয়ন অভীষ্ট অনুমোদন করেছে। এর ধারাবাহিকতায়, কৃষি বিপণন অধিদপ্তরে এসডিজি বিষয়ে সচেতনতা, সম্যক ধারণা লাভ এবং বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনান্তে সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন। | |
| | | **সিদ্ধান্ত-১**: সরকারী কর্মকর্তা/কর্মচারীদের মাঝে SDGs-এর বিষয়ে জ্ঞানভিত্তিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে এসডিজি-এর ১৭টি অভীষ্ট (Goals) এবং অন্তর্গত ১৬৯টি লক্ষ্য (Targets) হতে বিভাগের সাথে সংশ্লিষ্ট অভীষ্ট এবং লক্ষ্যসমূহ সনাক্ত করে সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রাসমুহ নির্ধারণ এবং বার্ষিক কর্মপরিকল্পনায় তার প্রতিফলন ঘটানোর প্রয়াস নিতে হবে। এ বিষয়ে কৃষি বিপণন অধিদপ্তরের APA-ফোকাল পয়েন্ট সমন্বয়কের মূল দায়িত্ব পালন করবেন। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)। APA-ফোকাল পয়েন্ট। |
| ১৪ | শুদ্ধাচার কৌশল ও অভিযোগ নিস্পত্তি। | **আলোচনাঃ** সভায় জানানো হয়, শুদ্ধাচার কৌশল ও অভিযোগ নিস্পত্তি সংক্রান্ত কার্যক্রম অব্যাহত আছে। এ পর্যন্ত কোন অভিযোগ পাওয়া যায়নি। এ বিষয়ে প্রতিমাসে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। সভাপতি মহোদয় এ বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন। | |
| | | **সিদ্ধান্ত-১**: Action Plan এবং Guideline অনুযায়ী অভিযোগ পাওয়া মাত্রই শুদ্ধাচার কৌশল ও অভিযোগ নিস্পত্তি বিষয়ে সময়মত প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। শুদ্ধাচার কৌশল ও অভিযোগ নিস্পত্তি সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত সময়ে আবশ্যিকভাবে মন্ত্রণালয়ে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | শুদ্ধাচার বাস্তবায়ন কমিটি। |
| | | **সিদ্ধান্ত-২**: শুদ্ধাচার কৌশল ও অভিযোগ নিস্পত্তি বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে এবং প্রশিক্ষণে মন্ত্রণালয়ের বিশেষজ্ঞ বক্তাদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি) শুদ্ধাচার বাস্তবায়ন কমিটি। |
| ১৫ | তথ্য অধিকার আইন। | **আলোচনাঃ** সভায় জানানো হয়, Voluntary Disclosure বিষয়ক প্রতিবেদন নির্ধারিত সময়ে মন্ত্রণালয় ও তথ্য কমিশনে পাঠানো হচ্ছে এবং অধিক পরিমাণ তথ্য অবমুক্ত করার প্রচেষ্টা অব্যাহত আছে। তথ্য অধিকার আইন বিষয়ে | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় শাখা ভিত্তিক | সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| | | আলোচনান্তে সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন। | |
| | | **সিদ্ধান্ত-১**: Voluntary Disclosure বিষয়ক প্রতিবেদন নির্ধারিত সময়ে আবশ্যিকভাবে মন্ত্রণালয় এবং তথ্য কমিশনে পাঠাতে হবে। অধিক পরিমাণ তথ্য অবমুক্ত করার বিষয়টি অব্যাহত রাখতে হবে। | তথ্য অধিকার আইন বাস্তবায়ন কমিটি। ২। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| | | **সিদ্ধান্ত-২**: তথ্য অধিকার আইন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে প্রশিক্ষণণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। তথ্য অধিকার আইন বাস্তবায়ন কমিটি। |
| ১৬ | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ২০১৫-২০১৬ প্রকাশ। | **আলোচনাঃ** সভায় কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ২০১৫-২০১৬ প্রকাশ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি মহোদয় গত ২০১৪-২০১৫ অর্থ বছরের ন্যায় ২০১৫-২০১৬ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন আগামী সেপ্টেম্বর, ২০১৬ মাসের মধ্যে প্রকাশের লক্ষ্যে গঠিত কমিটিকে অনুরোধ পূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন। | |
| | | **সিদ্ধান্ত-১**: ২০১৫-২০১৬ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন সেপ্টেম্বর, ২০১৬ মাসের মধ্যে প্রকাশের লক্ষ্যে গঠিত কমিটি আগামী ১৫ কর্ম দিবসের মধ্যে ১ম খসড়া মহাপরিচালক বরাবর উপস্থাপন করবে। | প্রশাসন শাখা। |
| | | **সিদ্ধান্ত-২**: কৃষি বিপণন অধিদপ্তরের ২০১৫-২০১৬ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনে বিভাগীয় কার্যক্রম সন্নিবেশনের লক্ষ্যে বিভাগীয় কার্যালয় হতে প্রাপ্ত প্রতিবেদনসমূহ যাচাই-বাছাই পূর্বক সন্নিবেশকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বার্ষিক প্রতিবেদন প্রস্তুতকরণ কমিটি। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

( মোঃ মাহবুব আহমেদ )
মহাপরিচালক
E-mail: dg@dam.gov.bd